

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা
www.acc.org.bd

স্মারক নং ০৪.০১.০০০০.১০৪.১৫.২০৭.১৭-

১২ ০৬ ৩ (৫)

তারিখ: ০২/০৪/২০১৮

বিষয়: কার্গ দর্শানোর নোটিশ।


আপনি জনাব বীরকান্ত রায়, সহকারী পরিচালক (দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, দিনাজপুর)-কে জনাব মোঃ রেজাউল ইসলাম, সাবেক ব্যবস্থাপক, জনতা ব্যাংক লিঃ, কৈমারী শাখা, জলঢাকা, নীলফামারী-এর বিরুদ্ধে ঋণ গ্রহীতার জমির কাগজ, দলিলপত্র জাল জেনেও এবং অতিরিক্ত দলিল ও কাগজ সৃষ্টি করে ঋণ প্রদানের মঞ্জুরিপত্রে স্বাক্ষরপূর্বক ১৫ লাখ ৪৯ হাজার টাকা ক্ষমতার অপব্যবহারপূর্বক ঋণ প্রদানের অভিযোগে ব্যাংক কর্তৃক জলঢাকা (নীলফামারী) থানার মামলা নং ০২ তারিখ: ০২/৬/২০১৬ এর তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। আপনি মামলাটি তদন্ত করে গত ১২/১১/২০১৭ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় নিম্নবর্ণিত অনিয়মসমূহ পরিলক্ষিত হয়:

- ক) যেসব ভূয়া কাগজপত্র ও দলিলপত্রের মাধ্যমে ১৫.৪৯ লাখ টাকা ঋণ বিতরণ করা হয়েছে, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক সেসব আলামত জব্দ করা হয়নি;
- খ) জব্দকৃত রেকর্ডপত্র পর্যালোচনা করে এগুলোর সঠিকতা বিষয়ে স্পষ্ট মন্তব্য করা হয়নি;
- গ) ব্যাংক কর্তৃক যে অফিসিয়াল নিরীক্ষা প্রতিবেদনের ভিত্তিতে আসামীর বিরুদ্ধে ১৬টি অভিযোগ প্রমাণিত এবং ব্যাংক কর্তৃক মামলা রুজু হয়েছে, সে অফিসিয়াল নিরীক্ষা প্রতিবেদন এবং সংশ্লিষ্ট সংযুক্তি প্রতিবেদনে আসেনি এবং নিরীক্ষকদের কোন বক্তব্য নেয়া হয়নি;
- ঘ) অত্র মামলা রুজুর অনুমোদন সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিস্তারিত বক্তব্য নেয়া হয়নি; এবং
- ঙ) কোন্ কোন্ ডকুমেন্ট জালিয়াতি হয়েছে, তার উল্লেখ নেই।

উক্ত মামলার তদন্তে আপনি সময় নিয়েছেন মোট ৩৮৪ (১ বছর ১৯ দিন), নির্ধারিত টাইমলাইনের বাইরে ব্যয়িত সময় ২৮৪ দিন যা' অস্বাভাবিক এবং তদন্তের গুরুত্বকে খর্ব করেছে। এছাড়া উক্ত মামলার তদন্তে তদন্তকারী কর্মকর্তা হিসেবে আপনার সততা ও দক্ষতার অভাব পরিলক্ষিত হয়েছে। আসামীর অনুকূলে যায় আপনি এমনভাবে তদন্ত প্রতিবেদন তৈরী করেছেন।

তদন্ত কার্যক্রমে এ মারাত্মক অনিয়ম প্রমাণ করে, আপনি উক্ত মামলার আসামী দ্বারা যেকোনভাবে প্রভাবিত হয়ে তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। এতে দুর্নীতি দমন কমিশনের ভাবমূর্তি বিনষ্ট হয়েছে। উল্লিখিত বিষয়ে কেন আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার কারণ এ পত্র প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে দাখিলের জন্য নির্দেশ দেয়া হলো।

জনাব বীরকান্ত রায়
সহকারী পরিচালক
দুর্নীতি দমন কমিশন
সমন্বিত জেলা কার্যালয়, দিনাজপুর


জালাল সাইফুর রহমান
পরিচালক (প্রশাসন ও সংস্থাপন)
টেলিফোন: ০২-৯৩৫২১১৫
E-mail: d.admin@acc.org.bd

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
২. সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (কমিশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. চেয়ারম্যানের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সানুগ্রহ অবগতির জন্য)।
৪. কমিশনার (অনুসন্ধান/তদন্ত)-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় কমিশনারের সানুগ্রহ অবগতির জন্য)।
৫. সচিবের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, দিনাজপুর।